

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৭৮০

১/ বিবিধ

আরবী

من دعا بهذه الأسماء استجاب الله له: اللهم أنت حي لا تموت، وخالق لا تغلب، وبصير لا ترتاب، وسميع لا تشك، وصادق لا تكذب ... (الحديث وفيه!) والذي بعثني بالحق لو دعي بهذه الدعوات والأسماء على صفائح الحديد لذابت، ولو دعا بها على ماء جار لسكن، ومن بلغ إليه الجوع والعطش ثم دعا ربه أطعمه الله وسقاه، ولو أن بينه وبين موضع يريد به جبل لانشعب له الجبل حتى يسلكه إلى الموضع، ولو دعي على مجنون لأفاق، ولو دعا على امرأة قد عسر عليها ولدها لهون عليها ولدها. (الحديث وفيه) ومن قام ودعا فإن مات شهيدا، وإن عمل الكبائر، وغفر لأهل بيته، ومن دعا بها قضى الله له ألف ألف حاجة

موضوع

رواه ابن عساكر (3 / 97 / 1 - 2) وابن الجوزي في "الموضوعات" (3 / 175) عن أحمد بن عبد الله النيسابوري عن شقيق بن إبراهيم البلخي عن إبراهيم بن أدهم عن موسى بن يزيد عن أويس القرني عن عمر بن الخطاب وعلي بن أبي طالب مرفوعا. ومن هذا الوجه رواه ابن الجوزي في "الموضوعات" (3 / 175 - 177) وقال: "موضوع، أحمد بن عبد الله النيسابوري هو الجويباري، ورواه الحسين بن داود البلخي عن شقيق، ورواه سليمان بن عيسى عن سفيان الثوري عن إبراهيم بن أدهم، والجويباري والحسين وسليمان وضاعون، والله أعلم أيهم وضعه أولا وسرقه منه الآخرون وبدلا وغيرا، وقد روي من طريق مظلم فيه مجاهيل

وفيه زيادات ونقصان

ورواية الحسين البلخي وسليمان بن عيسى أخرجها أبو نعيم في الحلية " (8 / 55 – 56) ومن طريقه وطريق ابن النجار أورده السيوطي في " اللآليء " (2 / 350 – 352) وأقر ابن الجوزي على قوله: موضوع وفي متنه كلمات ركيكة، يتنزه رسول الله صلى الله عليه وسلم عن مثلها

বাংলা

৭৮০। যে ব্যক্তি এ নামগুলোর দ্বারা দোআ করবে আল্লাহ তার দোআ কবুল করবেনঃ হে আল্লাহ তুমি চিরঞ্জীব মৃত্যুবরণ করবে না, তুমি সৃষ্টিকর্তা পরাজিত হও না। তুমি মহাজ্ঞানী (দৃষ্টি সম্পন্ন) সন্দেহ পোষণ করো না। তুমি শ্রবণকারী সন্দেহ করো না। তুমি সত্যবাদী মিথ্যা বলো না...। (আল-হাদীছ, তাতে আরো রয়েছে) যিনি আমাকে সত্য দিয়ে প্রেরণ করেছেন যদি এ দোয়াগুলো ও নামাবলীর দ্বারা লোহার বিপক্ষে দোআ করা হয়, তাহলে তা গলে যাবে। যদি কেউ সেগুলোর দ্বারা প্রবাহিত পানির বিরুদ্ধে দো'আ করে তাহলে তার স্রোতধারা বন্ধ হয়ে যাবে। যে ব্যক্তিকে ক্ষুধা ও পিপাসা গ্রাস করবে অতঃপর সে (তা দ্বারা) তার প্রভুর নিকট দোআ করবে আল্লাহ তাকে পানাহার করাবেন। যদি তার ও যে স্থানের সে ইচ্ছা পোষণ করেছে তার মাঝে (প্রতিবন্ধক হিসাবে) পাহাড় থাকে, তাহলে পাহাড় সরে যাবে এমনকি তাকে নির্দিষ্ট স্থানে পৌঁছিয়ে দিবে। (এ দোআ দ্বারা) যদি কোন পাগল ব্যক্তির জন্য দো'আ করা হয়, তাহলে সে জ্ঞান ফিরে পাবে। যদি কোন নারীর সন্তান প্রসবে কষ্ট হয়, তাহলে তার জন্য দো'আ করলে তার সন্তান প্রসব সহজ হয়ে যাবে। (আল-হাদীছ, তাতে আরো রয়েছে) যে ব্যক্তি দাঁড়াবে অতঃপর এ দ্বারা দোআ করার পর যদি সে মারা যায় তাহলে সে শহীদের মৃত্যু বরণ করবে। যদিও সে কাবীরাহ গুনাহ করে থাকে। তার পরিবারবর্গকে ক্ষমা করে দেয়া হবে। যে ব্যক্তি এ দো'আ দ্বারা দো'আ করবে আল্লাহ তা'আলা তার দশ লক্ষ প্রয়োজনীয়তাকে পূর্ণ করে দিবেন।

হাদীছটি জাল।

এটি ইবনু আসাকির (৩/৯৭/১-২) এবং ইবনুল জাওয়ী “আল-মাওয়ু'আত” (৩/১৭৫) গ্রন্থে আহমাদ ইবনু আবদিব্লাহ নিসাপুরী হতে তিনি শাকীক ইবনু ইবরাহীম আল-বালখী হতে তিনি ইবরাহীম ইবনু আদহাম হতে তিনি মূসা ইবনু ইয়াযীদ হতে তিনি উওয়ায়েস আল-কারনী হতে ... বর্ণনা করেছেন।

ইবনুল জাওয়ী বলেনঃ হাদীছটি বানায়ট। আহমাদ ইবনু আবদিব্লাহ হচ্ছেন আল-জুওয়াইবারী। এ ছাড়া এটি হুসাইন ইবনু দাউদ আল-বালখী শাকীক হতে ... বর্ণনা করেছেন এবং সুলায়মান ইবনু ঈসা সুফিয়ান আছ-ছাওরী হতে ... বর্ণনা করেছেন। জুওয়াইবারী, হুসাইন ও সুলায়মান তারা তিনজনই হাদীছ জালকারী। এটি অন্য সূত্রেও বর্ণিত হয়েছে। কিন্তু তাতে একাধিক মাজহুল বর্ণনাকারী রয়েছেন। তাতে কম-বেশীও করা হয়েছে। হুসাইন আল-বালখী এবং সুলায়মান ইবনু ঈসার বর্ণনা দুটি আবু নোয়াইম "আল-হিলইয়াহ" (৮/৫৫-৫৬) গ্রন্থে উল্লেখ

করেছেন। তার ংবং ইবনুন নাঈজারের সূত্রে সুযুতী "আল-লাআলী" (২/৩৫০-৩৫২) গ্রন্থে উল্লেখ করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71659>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন